



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/17/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল ঘোষণাপত্র জারি করেছেন যে সিনেট এবং অ্যাসেম্বলির খালি আসনের জন্য বিশেষ নির্বাচন নির্বাচনের দিনে অনুষ্ঠিত হবে

৪৬তম অ্যাসেম্বলি ডিসট্রিক্ট এবং ৩০তম সিনেট ডিসট্রিক্টের খালি আসন পূরণের জন্য বিশেষ নির্বাচন

ঘোষণাপত্র এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোচুল আজকে একটি ঘোষণাপত্র জারি করেছেন যাতে ঘোষণা করা হয়েছে যে ৪৬তম অ্যাসেম্বলি ডিসট্রিক্ট এবং ৩০তম সিনেট ডিসট্রিক্টের খালি আসন পূরণের জন্য বিশেষ নির্বাচন ২ নভেম্বর নির্বাচনের দিনে অনুষ্ঠিত হবে। এই বিশেষ নির্বাচন অ্যাসেম্বলিতে ভিক্টর এম. পিকার্ডো এবং সিনেটে ব্রায়ান এ. বেঞ্জামিন - যিনি বর্তমানে নিউ ইয়র্ক স্টেটের লেফটেন্যান্ট গভর্নরের দায়িত্ব পালন করছেন - তাদের পদত্যাগের ফলে সৃষ্ট খালি আসন পূরণে করা হবে।

"আমরা জানি যে ঐতিহাসিকভাবে বিশেষ নির্বাচনে ভোটারদের অংশগ্রহণ কম থাকে এবং সংশ্লিষ্ট খরচ বেশি হয়," **গভর্নর হোচুল বলেন।** "সিনেট এবং অ্যাসেম্বলির খালি আসন পূরণে আমরা নভেম্বরে নির্বাচনের দিনের সাথে বিশেষ নির্বাচন একত্র করছি। এর ফলে কেবল আরও বেশি ভোটার ভোট দানে উৎসাহিতই হবে না, বরং কর দাতাদের হাজার হাজার মার্কিন ডলার সাশ্রয় হবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্কাইব করুন